


# জাতীয় তিন প্রতিষ্ঠান হচ্ছে বদলে যাচ্ছে আড়াইহাজার

■ আড়াইহাজার (নারায়ণগঞ্জ) প্রতিনিধি  
নারায়ণগঞ্জের আড়াইহাজারে তিনটি জাতীয় প্রতিষ্ঠানের ফলে গোটা এলাকার দৃশ্যপট বদলে যাচ্ছে। উচ্চশিক্ষার দ্বার উন্মোচিত হওয়ায় এক সময়ের অবহেলিত এ জনপদ আলোকিত হয়ে উঠেছে। প্রতিষ্ঠান তিনটি হচ্ছে- কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ফলিত, পুষ্টি গবেষণা ইনস্টিটিউট ও টেক্সটাইল ইনস্টিটিউট।

কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট : ২০১৫ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি করার মাধ্যমে আড়াইহাজার উপজেলার রাউগড়া পরিত্যক্ত বিমানবন্দরে প্রায় ৫৬ কোটি টাকা ব্যয়ে নির্মিত দেশের ১৬তম কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের (এটিআই) ঐতিহাসিক যাত্রা শুরু হচ্ছে। এর মধ্যে ৩২ বিঘা জায়গায় ২৬ কোটি টাকা ব্যয়ে ৮টি অত্যাধুনিক ভবনসহ ১৩টি স্থাপনা নির্মাণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে- চারতলা একাডেমিক ভবন, কৃষক প্রশিক্ষণ ইউনিট, বয়েজ হোস্টেল, গার্লস হোস্টেল, অফিসার্স কোয়ার্টার, চতুর্থ শ্রেণীর কর্মচারীদের জন্য স্টাফ কোয়ার্টার, প্রিন্সিপালের বাসভবন, গাড়ি রাখার গ্যারেজ, পোলট্রি ও গাভীর দুটি শেড, ২৪ ঘণ্টা নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য নিজস্ব জেনারেটর ও পাওয়ার স্টেশন, পুকুর, বাগান, ক্রীড়া মিলনায়তন, ক্যান্টিন, ওয়াটার পাম্প ও বায়োগ্যাস প্লান্ট। নিয়োগ দেওয়া হয়েছে ইনস্টিটিউটে প্রিন্সিপাল, সিনিয়র ইন্সট্রাক্টর, ইন্সট্রাক্টর, কম্পিউটার অপারেটরসহ অর্ধশতাধিক কর্মকর্তা-কর্মচারী। ইনস্টিটিউটের অধ্যক্ষ কৃষিবিদ আবু ইউসুফ মিয়া জানান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে এ প্রতিষ্ঠান থেকে প্রতিবছর এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ ২০০ ছাত্রছাত্রী চার বছর মেয়াদি



নারায়ণগঞ্জের আড়াইহাজারে নির্মিত দেশের ষোলোতম কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট

কৃষি ডিপ্লোমা ডিগ্রি অর্জন করবে।

ফলিত, পুষ্টি গবেষণা ইনস্টিটিউট : টাকা থেকে মাত্র ৪০ কিলোমিটার দূরত্ব বিশনন্দীর মেঘনা নদীর তীরে নির্মিত হচ্ছে দেশের প্রথম আন্তর্জাতিক মানের ফলিত, পুষ্টি ও গবেষণা ইনস্টিটিউটের (বারটান) প্রধান কার্যালয়। প্রকল্প পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন জানান, গাজীপুরের ধান গবেষণা ইনস্টিটিউটের আকারে প্রথমে এটি চালু হলেও পর্যায়ক্রমে এখানে গবেষণামূলক স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় স্থাপনসহ নানামুখী কার্যক্রম পরিচালিত হবে। এই ইনস্টিটিউট থেকে সুনামগঞ্জ, ঝিনাইদহ, নেত্রকোনা ও রংপুরে নতুন, আঞ্চলিক কেন্দ্র স্থাপনসহ দেশের বিভিন্ন স্থানে বিভিন্ন বিভাগ উপবিভাগ থাকবে। কৃষি মন্ত্রণালয় ৭০ কোটি টাকার বিনিময়ে ১শ' একর বা ৩০০ বিঘা জমি

হকুম দখল করেছে। ৩০ কোটি টাকা ব্যয়ে হকুমদখলকৃত ২১০ বিঘা জমিতে বালু ভরাট সম্পন্ন করেছে। উল্লেখযোগ্য প্রস্তাবিত ভবনের মধ্যে ১০তলা বিশিষ্ট বেশ কিছু ভবন নির্মাণ প্রক্রিয়াধীন।

টেক্সটাইল ইনস্টিটিউট : আড়াইহাজার এলাকাটি তাঁতপ্রধান। এখানকার তাঁতের কাপড় বিশ্বব্যাপী সমাদৃত। তাঁত শিল্পকে আরও সমৃদ্ধশালী, সুতা ও কাপড়ে ডিজাইন, ব্লক-ম্যানুস্ক্রিপচারিং গার্মেন্টসসহ বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের দক্ষ করে তুলতে এ জনপদে নির্মিত হচ্ছে টেক্সটাইল ইনস্টিটিউট নামে আরও একটি জাতীয় প্রতিষ্ঠান। স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব নজরুল ইসলাম বাবু বলেন, ৭০ কোটি টাকা ব্যয়ে এই জাতীয় প্রতিষ্ঠানটির কারণে এ জনপদের আর্থ-সামাজিক অবস্থার আমূল পরিবর্তন আসবে।

সমকাল